

Ex/BANGLA/PG/4.3/78/2019(OLD)

স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেস্টার)

বাংলা (পুরাতন পাঠক্রম)

বাংলাদেশের সাহিত্য

কোর্স : পি.জি. : ৪.৩

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১ক. পূর্ব-পাকিস্তান পর্বে ভাষা-সংস্কারের নামে বাঙালি চেতনার বিকৃতি কীভাবে হয়েছিল পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

১খ. একুশের চেতনা নির্মাণ করেছিল মুক্তিযুদ্ধের চেতনা, একুশ না ঘটলে, একাত্তর ঘটত না – মন্তব্যটির সঙ্গে তুমি কি সহমত? যুক্তিসহ আলোচনা করো। ১০

২ক. বাংলাদেশের কবিতার মধ্যে আছে এক নিরন্তর দেশের খোঁজ – পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

অথবা

২খ. লোকজ উপাদান কীভাবে বাংলাদেশের কবিতায় নিবিড়ভাবে সমাচ্ছন্ন থাকে আলোচনা করো। ১০

৩ক. দেশভাগের স্মৃতি-ইতিহাস হাসান আজিজুল হকের গল্পে কীভাবে আখ্যান-শিল্পে উত্তীর্ণ হয়, পাঠ্য গল্প অবলম্বনে তা আলোচনা করো। ১০

(Turn over)

(2)

অথবা

৩খ. 'অনন্যা পৃথিবী' গল্পে নায়ক জালিনকে কেন অগ্নিময় পৃথিবী হিসেবে
কল্পনা করেছিলেন? আলোচনা করো। ১০

৪ক. 'চিলেকোঠার সেপাই' উপন্যাসের রাজনৈতিক পটভূমি ব্যাখ্যা করো। ১০

অথবা

৪খ. 'চিলেকোঠার সেপাই' উপন্যাস অবলম্বনে খিজির চরিত্রটি ব্যাখ্যা করো। ১০